REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা মাঘ বুধবার ১৩৪৬ ইংরাজী 17th January 1940 | ৩২শ সংখ্যা


**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবি[illegible] কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।



এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।



বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

**নূতন বীমা**

**৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর**

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চল্‌তি বীমা | ... | ১৬ কোটি | ৩৪ লক্ষের উপর | | |
| বীমা তহবিল | ... | ২ | ,, | ৯৬ লক্ষের | ,, |
| মোট সংস্থান | ... | ৩ | ,, | ৩৯ ,, | ,, |
| প্রিমিয়াম আয় | ... | ... | ... | ৭৪ ,, | ,, |
| দাবী শোধ | ... | ১ | কোটি | ৮৫ ,, | ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।



## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরাবগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।

দরের জন্য পত্র লিখুন।

## বিজ্ঞাপন

মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ডের অধীন গুজারঘাট, ফলকর, জলকর, ঘাসকর ইত্যাদি ডিষ্ট্রীক্ট বোর্ডের চেয়ারম্যান বাহাদুর কর্ত্তৃক আগামী ২৯শে জানুয়ারী মোতাবেক ১৫ই মাঘ সোমবার বেলা ১২ ঘটিকার সময় ডিষ্ট্রীক্ট বোর্ড আপিসে নীলাম ডাকে এক বৎসর মিয়াদে অর্থাৎ ১৯৪০-৪১ সালের জন্য বন্দোবস্ত হইবে। বিশেষ বিবরণ ডিষ্ট্রীক্ট বোর্ড আপিসে অনুসন্ধান করিলে জানিতে পারা যাইবে।

তারিখ
১১ই জানুয়ারী
১৯৪০

সুরেন্দ্রনারায়ণ সিংহ
চেয়ারম্যান
মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ড



সংবেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৩রা মাঘ বুধবার সন ১৩৪৬ সাল


## মুর্শিদাবাদ জেলার মধ্য ইংরাজী স্কুল-সমূহের বৃত্তি পরীক্ষার ফল

মুর্শিদাবাদ জেলার মধ্য ইংরাজী বিদ্যালয় সমূহের বৃত্তি পরীক্ষায় নিম্নলিখিত ছাত্রগণ বিশেষ কৃতিত্বের সহিত মাসিক ৪৲ হিসাবে বৃত্তি লাভ করিয়াছে। এই বৃত্তি চারি বৎসর ধরিয়া পাইবে। কৃতি বালকগণ ভবিষ্যতে আরও উন্নতি লাভ করুক আমরা ইহাই কামনা করি।

১। অক্ষয়কুমার সাহা—রঘুনাথগঞ্জ এম, ই, স্কুল
২। মহম্মদ আবুল হোসেন— " " "
৩। শ্রীধরকুমার সাহা—সুন্দরপুর এম, ই, স্কুল
৪। আবদুল হালিম মণ্ডল—পাঁচগ্রাম এম, ই, স্কুল
৫। আবদুল মান্নান—সুন্দরপুর এম, ই, স্কুল

মুসলমান ছাত্রদের বিশেষ বৃত্তি :—

১। আবদুল জলিল—ভগবানগোলা এম, ই, স্কুল

## রঘুনাথগঞ্জ এম, ই, স্কুল

এবারে রঘুনাথগঞ্জ এম, ই, স্কুল হইতে তিনটী ছাত্র বৃত্তি পরীক্ষা দিয়াছিল তন্মধ্যে দুইটী ছাত্র কৃতকার্য্য হইয়াছে। এই স্কুলের দুইটী ছাত্রই প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। স্কুলের হেড মাষ্টার শ্রীযুক্ত ব্যোমকেশ ঘোষ বি-এ মহাশয় প্রমুখ শিক্ষক মহাশয়গণকে তাঁহাদের ছাত্রগণের কৃতকার্য্যতার জন্য আমরা অশেষ ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। গত ১৯২৮ সাল হইতে এই স্কুলের যে সমস্ত ছাত্র বৃত্তি লাভ করিয়াছে তাহাদের নাম নিম্নে দেওয়া হইল।

১৯২৮—আবুল হোসেন বিশ্বাস
১৯২৯—নৃপেন্দ্রকুমার রায়
১৯৩০—কাশিম সেখ
১৯৩২—লক্ষ্মণচন্দ্র দাস
১৯৩৩—আশুতোষ দাস
১৯৩৪—ইয়াসীন সেখ ও ননীগোপাল দাস
১৯৩৮—হরমুজ বিশ্বাস, বিশ্বনাথ দাস ও মনজুরুল সেখ।
১৯৩৯—অক্ষয়কুমার সাহা ও মহম্মদ আবুল হোসেন।

## অগ্নিকাণ্ডে প্রায় ২০টি হিন্দুপরিবার গৃহহীন

গত ১০ই জানুয়ারী কান্দী মহকুমার গোকর্ণ গ্রামের নিকটবর্ত্তী গোবরহাটি গ্রামের প্রায় ২০টী হিন্দু পরিবারের প্রায় ৫০ খানি গৃহ অগ্নিকাণ্ডের ফলে ভস্মীভূত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ, ঐ দিন রাত্রি প্রায় ১১ ঘটিকায় প্রথমে গ্রামের অনৈকা স্ত্রীলোকের ঘরে কে বা কাহারা আগুন লাগাইয়া দেয়। দেখিতে দেখিতে সেই আগুন বিস্তার লাভ করিয়া গ্রামের পূর্ব্ব প্রান্তের সমস্ত পল্লীতে ছড়াইয়া পড়ে। ফলে প্রায় ৫০ খানি গৃহ, ধান্যের গোলা, ধান্য এবং গৃহস্থের বহু তৈজসপত্র ভস্মীভূত হইয়াছে। বায়ু প্রতিকূল থাকায় সহজে অগ্নি নির্ব্বাপিত করা সম্ভবপর হয় নাই। অবশেষে পার্শ্ববর্তী গ্রামের লোকজন আসিয়া আগুন নিভাইতে সাহায্য করায় গ্রামের অনেক গৃহ রক্ষা পাইয়াছে। যতদূর জানা গিয়াছে কোন প্রাণহানি ঘটে নাই, ক্ষতির পরিমাণ সঠিক জানা যায় নাই।

## পরলোকে

গত ৯ই জানুয়ারী মঙ্গলবার বেলা ১১॥ টার সময় কলিকাতার সুবিখ্যাত পুস্তক ব্যবসায়ী মেসার্স গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্সের অন্যতম স্বত্বাধিকারী সুধাংশু-শেখর চট্টোপাধ্যায় মাত্র ৪৫ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। রায় বাহাদুর জলধর সেন মহাশয়ের পরলোকগমনের পরে তিনি "ভারতবর্ষের" অন্যতম সম্পাদক-রূপে কার্য্যভার গ্রহণ করেন।

## বনভোজনে বিপত্তি

গত ২রা জানুয়ারী মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার অধীন ডাহাপাড়ার নিকটবর্ত্তী গ্রামে কিরিটেশ্বরীর মেলায় বনভোজনের উদ্দেশ্যে রন্ধন করিবার কালে পরিধেয় বস্ত্রে আগুন লাগিয়া জিয়াগঞ্জের অনৈক ভদ্রলোকের অষ্টাদশ-বর্ষীয়া কন্যা শোচনীয়ভাবে দগ্ধ হয়। অবিলম্বে তাহাকে বাড়ী লইয়া যাওয়া হয়। তাহার অবস্থা উন্নতির দিকে বলিয়া জানা গিয়াছে।

## রাণী মার্কা টাকা অচল নয়

ভারত গবর্ণমেন্টের এক ইস্তাহারে প্রকাশ,—রাণী মার্কা মুদ্রা সম্পর্কে দেশে এক আশঙ্কাপূর্ণ গুজব রটিয়াছে যে, রাণী মার্কা মুদ্রা আর আইন সঙ্গত নয় এবং ট্রেজারী ও শাখা ট্রেজারীতে গ্রহণ করা হইতেছে না। রাণী মার্কা টাকা সর্ব্বদাই আইন-সঙ্গত ছিল এবং ভবিষ্যতেও থাকিবে। জনসাধারণকে জানান যাইতেছে যে, রাণী ভিক্টোরিয়া মার্কা কোন মুদ্রা সম্পর্কে যদি কাহারও মনে কোন সন্দেহ হয়, তবে তাহা ইম্পিরিয়াল ব্যাঙ্কের যে কোন শাখায়, ট্রেজারীতে অথবা শাখা-ট্রেজারীতে উপস্থিত করিলে বদল পাওয়া যাইবে। মুদ্রাটি যদি জালমুদ্রা না হয়, তবে কম ওজনের হইলেও বদল পাওয়া যাইবে।

## যক্ষ্মা নিবারণী ভাণ্ডার

গত ২রা জানুয়ারী পর্য্যন্ত সম্রাটের যক্ষ্মা নিবারণী ভাণ্ডারের বাঙ্গালার কোষাধ্যক্ষের নিকট যে টাকা চাঁদা সংগৃহীত হইয়াছে; তাহার পরিমাণ ৭,৯২,০১৩—৯—০ পাই।

## বিমান আক্রমণের সঙ্কেত

বাঙ্গালা গবর্ণমেন্টের প্রচার বিভাগের ডিরেক্টর গত ৪ঠা জানুয়ারী নিম্নোক্ত মর্ম্মে এক ইস্তাহার প্রকাশ করিয়াছেন :—সাধারণের অবগতির জন্য জানান হইতেছে যে, শত্রুপক্ষীয় বিমানের আবির্ভাব হইলে, কলিকাতা এবং ২৪ পরগণা, হাওড়া, হুগলী ও আসানসোলের কল-কারখানা ইত্যাদির অঞ্চলে এবং তন্নিকটবর্ত্তী অঞ্চলসমূহে এবং চট্টগ্রাম সহর ও বন্দরে জনসাধারণকে সতর্ক করিবার জন্য নিম্নলিখিতরূপ সঙ্কেত করা হইবে :—সতর্ক করিবার সঙ্কেত—তিন সেকেণ্ড ব্যবধানে এবং পাঁচ মিনিট স্থায়ী ১৫ বার বংশী ধ্বনি। নিরাপত্তার সঙ্কেত—৯৫ সেকেণ্ড স্থায়ী ও ৪ বার বংশীধ্বনি।

## এক সঙ্গে চারি কন্যা

মিশরের কাইরো হইতে রয়টার সংবাদ দিয়াছেন,—এক মিশরী রুটিওয়ালার ২৫ বৎসর বয়স্কা পত্নী এক সঙ্গে চারিটি কন্যা সন্তান প্রসব করিয়াছেন। ইতিপূর্ব্বে তিনি এক সঙ্গে তিন সন্তান প্রসব করিয়াছিলেন। চারটি শিশুই মেয়ে। রাজা ফারুকের ভগিনীর নাম অনুসারে তাহাদের নাম রাখা হইবে। প্রসূতি ও শিশু চারিটি ভাল আছে। মাতার নাম ইসমাহান শেহাতা।

## নূতন ভোটার তালিকা

হিন্দু মহাসভার সাধারণ সম্পাদক জানাইয়াছেন,—অনেকেই হয় ত জানেন না যে, বঙ্গীয় ব্যবস্থা পরিষদের ভোটারগণের তালিকা প্রস্তুত হইতে আরম্ভ হইয়াছে। যাঁহারা ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তাঁহারা সকলেই ভোটদাতাগণের তালিকাভুক্ত হইতে অধিকারী। নিরাপত্তার জন্য প্রত্যেক ম্যাট্রিকুলেশন পরীক্ষোত্তীর্ণ হিন্দুযুবক মাত্রেরই তাঁহাদের মিউনিসিপ্যালিটীর চেয়ার-ম্যান অথবা ইউনিয়ন বোর্ডের সভাপতি এবং কলিকাতায় হইলে চীফ একজিকিউটিভ অফিসারের নিকট অবিলম্বে ভোটার শ্রেণীভুক্ত হইবার জন্য দরখাস্ত করা উচিত। হিন্দুসভা আশা করে যে, প্রত্যেক হিন্দুযুবকই তাহাদের নাম তালিকাভুক্ত করাইবেন, যাহাতে তাঁহারা নির্ব্বাচন সময়ে তাঁহাদের মনোনীত লোককে ব্যবস্থাপক সভায় প্রেরণ করিতে পারেন।

## নিদ্রিত অবস্থায় জীবনান্ত

নদীয়া-কৃষ্ণনগর হইতে এক ব্যক্তি জানাইয়াছেন,—স্থানীয় বাটা কোম্পানীর জুতার দোকানের মালিকের কনিষ্ঠ ভ্রাতা গত ২৮শে ডিসেম্বর রাত্রিতে শোচনীয়ভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছে। রাত্রিতে শয়নকক্ষের দরজা জানালা সম্পূর্ণরূপে বন্ধ করিয়া তাহারা দুই ভাই নিদ্রা যাইতেছিল। শয়নকক্ষ গরম করিবার জন্য তোলা উনানে কয়লার আঁচ দিয়া তাহা গৃহের মধ্যে রাখা হইয়াছিল। প্রত্যুষে জ্যেষ্ঠ ভ্রাতা উঠিয়া দেখে যে, কনিষ্ঠ ভ্রাতা মৃত অবস্থায় শুইয়া আছে। মৃত ব্যক্তির নাম বাসুদেব সিংহ।

---

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।
### নীলামের দিন ১২ই ফেব্রুয়ারী ১৯৪০

১৯৮ থাং ডিঃ তারাপদ রায় দীং দেং জামির মহালদার দীং দাবি ৩২৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৪৪ শতকের কাত ৪৵০ নিজাংশে ১৷৶১০ আঃ ৫৲ থং ১২৪

১০০৯ থাং ডিঃ চণ্ডিদাস সিংহ দীং দেং হামজা সেখ দীং দাবি ৮৶৬ থানা সুতী মৌজে ফতেপুর ৬ শতকের কাত ৶১ নিজাংশে ৴৫॥ আঃ ৫৲ থং ১৮০

৬৬৪ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং জমিনা বিবি দীং নাবালিকা পক্ষে অলি মাতা সমিরণ বিবি দাবি ১৯॥৯ থানা সুতী মৌজে মেঞাপুর ৬৭ শতকের কাত ১দ১১ আঃ ৫৲ থং ৩০৩

---

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত
### নীলামের দিন ১৯শে ফেব্রুয়ারী ১৯৪০।

১০৫৩ থাং ডিঃ জোহর আহম্মদ চৌধুরী দীং দেং তুলা বিবি দাবি ৪৩৷০ থানা সমসেরগঞ্জ মৌজে সাহাবাজপুর ২-২৫ শতকের কাত ৫দ৵১৫ আঃ ১০৲ থং ১৭

১০৯৫ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ১৯দ৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে দোহিতপুর ১-৯২ শতকের কাত ২দ৶৯ আঃ ১২৲ থং ৪৭

১০৯৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫॥৬ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ২৵০ আঃ ১১৲ থং ৪৪

১০৯৭ থাং ডিঃ ঐ দেং আবদুল গোফুর সেখ দীং দাবি ৯দ৵৩ ঐ মৌজাদিতে ৩৯ শতকের কাত ৷৵৯ আঃ ৫৲ থং ১৩২

---

### চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত
### নীলামের দিন ২০শে ফেব্রুয়ারী ১৯৪০।

২২১ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মনিমোহন চৌধুরী দেং আলেকজান বিবি দাবি ১৬॥৶০ থানা সাগরদীঘী মৌজে মাঠ থাগড়া ৭৪ শতকের কাত ১॥৶৯ আঃ ৫৲ থং ৪১৭

১১০৫ থাং ডিঃ সুবোধকৃষ্ণ ঘোষ মৌলিক দিং দেং চাম্পালাল সেরাওগী দাবি ২২॥৬ থানা সাগরদীঘী মৌজে শীতলপাড়া ১-২৯ শতকের কাত ২দ৴৩ আঃ ১০৲ থং ১৮৪

১১০৬ থাং ডিঃ ঐ দেং মাহেমন্নেসা বিবি দীং দাবি ৫৫৷৩ ঐ মৌজাদিতে ২-০৪ শতকের কাত ৮॥০ আঃ ২৫৲ থং ১৭৭

১১০৭ থাং ডিঃ ঐ দেং রাওসান সেখ দীং দাবি ১০৫৶০ ঐ মৌজাদিতে ৪-৮৯ শতকের কাত ২৩॥৯ আঃ ৭৫৲ থং ১৯২

৬৯৪ থাং ডিঃ অশোককুমার ঠাকুর নাঃ পক্ষে অলি মাতা অনিলাবালা দেবী দেং ভূপেন্দ্রকুমার সরকার দীং দাবি ১০৫৷৶৬ থানা সাগরদীঘী মৌজে ঘোগপুর ১১-১০ শতকের কাত ১৬৲ আঃ ৭৫৲ থং ১৮৭

১০৮৯ থাং ডিঃ শ্রীমতী রাণী জোতির্ম্ময়ী দেবী দেং ফোড়ন মুচী দীং দাবি ১২দ৴৯ থানা সমসেরগঞ্জ মৌজে বেওয়া ৫৬ শতকের কাত ১॥৴০ আঃ ৫৲ থং ৫৬২

১১০৮ থাং ডিঃ ঐ দেং বিবি আজিজননেসা দীং দাবি ৭॥৶০ থানা ঐ মৌজে বেনিয়াগ্রাম ১-৩৮ শতকের কাত ২॥৫ আঃ ৫৲ থং ৫৪০

১১০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭॥৩ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১॥৶০ আঃ ৪৲ থং ৩৯৭

১১১০ থাং ডিঃ ঐ দেং বিবি সুহিমন নেসা দাবি ৯৩৷৴৯ ঐ মৌজাদিতে ৫৩৴০ বিঘার কাত ৫৩৲ আঃ ৭৫৲ থং ৫৫৷৫১৷৫২

১১১৫ থাং ডিঃ মাইনুদ্দিন বিশ্বাস দীং দেং সহতুল বিশ্বাস দাবি ৭৩॥৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে লক্ষ্মীনগর ১-৭৮ শতকের কাত ২৬দ৶০ আঃ ৬০৲ থং ১১০৯

৭৯৩ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দীং দেং কোবাদ মণ্ডল দীং দাবি ১৯দ৵০ থানা সাগরদীঘী মৌজে কিসমত নিম্পি বিরল ১-০৩ শতকের কাত ২দ৴৯ আঃ ১৫৲ থং ২০২/১, ১১৫

১১১২ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং সুন্নাতন বিবি দীং দাবি ১৮৴৩ থানা সমসেরগঞ্জ মৌজে কুলী ৮৮ শতকের কাত ২৷৴৬ আঃ ১৫৲ থং ৮০০

১১১৩ থাং ডিঃ অনরেবল মহারাজা শ্রীশচন্দ্র নন্দী এম-এ, এম-এল-এ দেং ষষ্ঠী কোনাই নাবালক পক্ষে অলি মাতা বসন্ত বেওয়া দাবি ১৪॥৴৬ থানা সাগরদীঘী মৌজে ধুমারপাহাড় ১৩ শতকের কাত ১॥৯ আঃ ৫৲ থং ৩৭

৮৭১ থাং ডিঃ দুর্গেশচন্দ্র চৌধুরী দীং দেং সেহেরুদ্দীন বিশ্বাস দাবি ২৯৷৴৬ থানা সুতী মৌজে মহেশাইল ৭৬ শতক মধ্যে ২২ শতক নিষ্কর আঃ ২৲ থং ৭৬ ২নং লাট ঐ মৌজাদিতে ৪৩ শতকের কাত ২৴০ আঃ ২৲ রায়ত স্থিতিবান ৩নং লাট ঐ মৌজাদিতে ৫০ শতক খাজনার যোগ্য আঃ ৩৲ ঐ স্বত্ব ৪নং লাট ঐ মৌজাদিতে ১৮ শতকের কাত ॥১ আঃ ৩৲ তদুপরিস্থিত খেরী ঘর ১ খান রায়ত স্থিতিবান ৫নং লাট ঐ মৌজাদিতে ৪৭৴০ বিঘার কাত ১৭৴০ টাকার অন্তর্গত ৭-৮১ শতক আঃ ৫৲ ঐ স্বত্ব ৬নং লাট ঐ মৌজাদিতে ১৮ শতকের কাত ৶১০ আঃ ৩৲ ঐ স্বত্ব ৭নং লাট ঐ মৌজাদিতে ৯২ শতকের কাত ১৴১৫ আঃ ৩৲ ঐ স্বত্ব ৮নং লাট ঐ মৌজাদিতে ১৫ শতকের কাত ৷১৫ আঃ ৩৲ ঐ স্বত্ব

---

### চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
### নীলামের দিন ২৪শে ফেব্রুয়ারী ১৯৪০।

৩ থাং ডিঃ বিষ্ণুচন্দ্র আলিপাত্র দীং দেং দাদন বিবি দীং দাবি ১৪॥৯ থানা সাগরদীঘী মৌজে আরাজী বলরামবাটী ৩১ শতকের কাত ১দ৶৩ আঃ ১০৲ থং ৭৬

৮ থাং ডিঃ ঐ দেং নীলমনি মণ্ডল দীং দাবি ১২॥৶৯ থানা ঐ মৌজে বলরামবাটী ২-৮৫ শতক নিষ্কর আঃ ১০৲ থং ২০৫

১২ থাং ডিঃ সেবাইত মোহান্ত গণপতি দাস গোস্বামী দেং মাতাজান বিবি দাবি ১৭॥৶৯ থানা সাগরদীঘী মৌজে রতনপুর ৮১ শতকের কাত ৩৵০ আঃ ৫৲ থং ৩৫৭

৮৫৮ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং সাজাহান সেখ নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং কেতেবান বিবি দাবি ৯দ৯ থানা সাগরদীঘী মৌজে একরখি ২৩ শতকের কাত দ২ আঃ ৫৲ থং ১৪২

৬৩৮ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দেং বিপিন কুনাই দাবি ১৫৷৬ থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ৪ শতকের কাত ॥৵৫ আঃ ৫৲ থং ১৩৪

১২৩ থাং ডিঃ ঐ দেং গুলজার সেখ দাবি ১৭দ৵৩ ঐ মৌজাদি মধ্যে ৩৯ শতকের কাত ৩৶১০ আঃ ১০৲ থং ১৭৯

১২৪ থাং ডিঃ ঐ দেং ভাইধন দাসী দাবি ৩২॥৶৯ ঐ মৌজাদি মধ্যে ৫ শতকের কাত ॥৵৫ আঃ ৫৲ থং ১৮৫

১৩৯ থাং ডিঃ ঐ দেং কাশেমালি মির দাবি ১৮৵০ ঐ মৌজাদিতে ৬২ শতকের কাত ॥৵৭॥ আঃ ৫৲ থং ২৯৮

১১৭ থাং ডিঃ ঐ দেং কালু মণ্ডল দাবি ২১দ৵৯ থানা ঐ মৌজে ভাসাই পাইকর ৪৫ শতকের কাত ১দ/১০ আঃ ১২৲ থং ১৯৮

১৩০ থাং ডিঃ ঐ দেং রবি মুচি দাবি ২২॥৵৯ থানা ঐ মৌজে দোগাছি ২৭॥ শতকের কাত ১দ/৬ আঃ ১০৲ থং ৩০২

১৩১ থাং ডিঃ ঐ দেং গুদড় সেখ নাবালক দীং দাবি ২৬৻৬ মৌজাদি ঐ ১০ শতকের কাত ২৲ আঃ ১২৲ থং ৮৬০ রায়ত স্থিতিবান

৬৬৭ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েন্ট মাতোয়ালী মৌলবী হুমায়ুন রেজা চৌধুরী দীং দেং কিরিতচাঁদ বয়েদ দাবি ২৯॥/৬ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ২॥০৻১৬ বিঘার কাত ৪॥০ আঃ ২০৲

৮৯৬ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দীং দেং হেমন্তকুমার ঘোষ দাবি ২৫দ৬ থানা সমসেরগঞ্জ মৌজে চিরকুটমাটি ৩৷০॥ বিঘার কাত ৩দ/১৩৷ আঃ ১৫৲ থং ২৭৭২

১৪ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং শ্রীপতি মণ্ডল দীং দাবি ২১দ৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ডিক্রী জোত ৭৯ শতকের কাত ৫দ৶৮ আঃ ১০৲ থং ৩৬২১

৫ থাং ডিঃ ঐ দেং অহেদ হোসেন সেখ দাবি ৩৯৷/৯ থানা ঐ মৌজে বেওয়া ৬৪ শতকের কাত ৩/৯ আঃ ২৫৲ থং ১০৯২

১০৫৭ থাং ডিঃ জ্ঞানেন্দ্রনাথ রায় দিং দেং বসন্তলাল সেরাওগী নাবালক দাবি ১৬দ/১৷ থানা সমসেরগঞ্জ মৌজে সাঁখোপাড়া ৯২ শতক জমি আঃ ১৫৲ থং ২৮৭

---



**সকল প্রকার গ্রামোফোন**

**মেসিন ও রেকর্ড**

নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।

ডি, পি, গাঙ্গুলী


রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

---

## ঘরের কবিরাজ
## ঘরে ফিরে এলো

রঘুনাথগঞ্জের প্রবীণ কবিরাজ স্বর্গীয় ৺কৃষ্ণচৈতন্য সেন মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র কবিরাজ শ্রীঅতুলকৃষ্ণ সেনগুপ্ত মহাশয় এতদঞ্চলে সকলেরই সুপরিচিত। বিগত ২৭ বৎসরকাল ধুলিয়ানে থাকিয়া আয়ুর্ব্বেদীয় চিকিৎসাকার্য্যে যথেষ্ট অভিজ্ঞতা ও সুনাম অর্জ্জন করিয়াছেন। তিনি সম্প্রতি তাঁহার রঘুনাথগঞ্জের পৈত্রিক বাসভবনে থাকিয়া চিকিৎসা কার্য্য পরিচালনা করিবার ইচ্ছা করিয়াছেন। ধুলিয়ানবাসিগণের সনির্ব্বন্ধ অনুরোধে প্রতি রবিবার তথাকার রোগিগণের চিকিৎসার জন্য যাইতে সম্মত হইয়াছেন। গরীব দুস্থ রোগিগণের চিকিৎসা কার্য্যে তিনি তাঁহার স্বর্গীয় পিতৃদেবের পদাঙ্ক অনুসরণ করিবেন তাহাতে কোন সন্দেহ নাই।

---



অতুল আনন্দের সহিত আজ আমরা আমাদিগের পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ী ও নেতৃবর্গকে জানাইতেছি যে ১৯৪০ খৃষ্টাব্দের আগামী ১লা ফেব্রুয়ারী তারিখে আমাদের এই প্রাচীন ও সুপ্রতিষ্ঠিত আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান কলিকাতা চিত্তরঞ্জন এভিনিউ সাউথ ঠিকানায় নব প্রতিষ্ঠিত প্রাসাদোপম "জবাকুসুম হাউসে" স্থানান্তরিত হইবে।


যাঁহাদিগের শুভেচ্ছার বলে এই "জবাকুসুম" প্রতিষ্ঠান এবং আয়ুর্ব্বেদীয় বিদ্যালয় ও ঔষধালয় আজ সর্ব্বজনসমাদৃত হইয়াছে এবং যাঁহাদিগের ঐকান্তিক আগ্রহ ও সহযোগিতার বলে আয়ুর্ব্বেদ আজ চিকিৎসা-জগতে অতুলনীয় মর্য্যাদার আসন লাভ করিয়াছে, আমরা সর্ব্বান্তঃকরণে আজ তাঁহাদিগকে ধন্যবাদ করিতেছি। আশা করি তাঁহাদের ঐকান্তিকী কামনায় এই জবাকুসুম প্রতিষ্ঠান আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসাকে জগজ্জনমান্য করিয়া তুলিতে পারিবে।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ—কলিকাতা।**

---

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনুকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৴০। ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন ঃ—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।/০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।/০

**প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**

**ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা**

---

# সাধনা ঔষধালয় ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী

এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)

ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

---

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ✓০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।